

বুধবার ১৮ ডিসেম্বর ২০১৯ ইং



বারি'তে মহান বিজয় দিবস-২০১৯ উদযাপিত

আবিদ হোসেন বুলবুল, গাজীপুর

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) চত্বরে গত ১৬ ডিসেম্বর সোমবার ৪৯তম মহান বিজয় দিবস-২০১৯ উদযাপিত হয়েছে। দিবসটি উদ্যাপন উপলক্ষে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এ দুই দিনব্যাপী কর্মসূচীর আয়োজন করা হয়।

এসব কর্মসূচীর মধ্যে ছিল সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও গার্ড অব অনার প্রদান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সমবেত কণ্ঠে জাতীয় সংগীত, বিজয় র্যালী, আলোচনা সভা ও বারি'তে এ কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাসের উপর স্থিরচিত্র প্রদর্শনী, মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা, ইনস্টিটিউটের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের অংশগ্রহণে বিভিন্ন ধরনের খেলাধুলা ও পুরস্কার প্রদান, বিশেষ মোনাজাত/প্রার্থনা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আলোকসজ্জা।

সোমবার বারি'র প্রধান কার্যালয়ের সামনে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিনের কর্মসূচীর উদ্বোধন করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। এ সময় মহান মুক্তিযুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মোনাজাত করা হয়। এরপর বারি'র মহাপরিচালকের নেতৃত্বে বিজয় র্যালী অনুষ্ঠিত হয়। পরে তিনি মুক্তিযুদ্ধভিত্তিক স্থিরচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন।

এছাড়া বিকালে ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা, মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা, সাংস্কৃতিক ও পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র প্রতিষ্ঠাতা পরিচালক ও এমেরিটাস সায়েন্টিস্ট ড. কাজী এম. বদরুদ্দোজা। ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল ওহাব, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. বাবু লাল নাগ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) জনাব হাবিবুর রহমান শেখ এবং পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. মিয়াবুল্লাহ। এছাড়াও অনুষ্ঠানে ইনস্টিটিউটের অন্যান্য পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বারি কর্মচারী কল্যাণ সমিতি (বারিকা), বারি ৪র্থ শ্রেণী কল্যাণ সমিতি (বারিচা), ডিপ্লোমা কৃষিবিদ পরিষদের নেতৃবৃন্দ এবং ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়া দুই দিনব্যাপী বিভিন্ন কর্মসূচীতে ইনস্টিটিউটের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), কর্মকর্তা ক্লাব, কর্মকর্তা গৃহিনী ক্লাব, বারি কর্মচারী সমিতি (বারিকা), কর্মচারী গৃহিনী ক্লাব, শ্রমিক সমিতি, শ্রমিক ক্লাব, বিএআরআই উচ্চ বিদ্যালয় এবং আনন্দ শিশুকাননের শিক্ষকগণ, শিক্ষার্থীরা বিভিন্ন খেলায় অংশগ্রহণ করেন।

